মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ২১/০৭/২০২০ ইং তারিখ রোজ বুধবার বেলা ১০.০০ ঘটিকায় পৌরসভার কালাচাঁদ সভাকক্ষে 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ৭, ৮, ও ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা হামিদা।

আলোচ্য সূচী :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২. জেন্ডার এ্যাকশন প্ল্যান(GAP) বাস্তবায়ন অত্র পৌরসভায় ২০২০-২১ অর্থ বছরের কর্ম পরিকল্পনা অনুমোদন প্রসংগে।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুবু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	সভায় সভাপতি মহোদয় আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২৪/০৬/২০২০ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল।
জেন্ডার এ্যাকশন প্ল্যান(GAP) বাস্তবায়ন অত্র পৌরসভায় ২০২০-২১ অর্থ বছরের কর্ম পরিকল্পনা অনুমোদন প্রসংগে।	নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব হামিদা সভায় জানান যে, মেহেরপুর পৌরসভা কতৃক জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে ২০২০-২১ অর্থ বছরের জন্য পৌরসভার বাজেটে মোট ১০,০৪,০০০.০০ (দশ লক্ষ চার হাজার) টাকা বরাদ্দ রাখা হয়েছে। এই বাজেটটি মোট রাজস্ব বাজেটের ২%। (GAP) বাস্তবায়নে ২০২০-২১ অর্থ বছরের এই বাজেট ত্রৈমাসিক ভিত্তিতে বিভাজন করে একটি কর্ম পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। প্রস্তুত কৃত কর্মপরিকল্পনাটি সভায় উপস্থাপনের জন্য বস্তি উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করলে জনাব খোন্দকার জাহিদুল হক এটি সভায় উপস্থাপন করেন। তিনি সভায় জানান কর্ম পরিকল্পনার মধ্যে রয়েছে স্থায়ী কমিটির সভার ব্যায়ভার, জাতীয় ও আন্তর্জাতিক	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য এ ব্যাপারে কাজ করবেন।

	দিবস উদযাপন, GAP সম্পর্কিত বিভিন্ন সভা ও সেমিনার, নারী বান্ধব অবকাঠামো নির্মাণ, কর্মসংস্থান মূলক প্রশিক্ষণ, নারীদের স্বাস্থ্য সেবা প্রদান, নারীদের নগদ অর্থ সহায়তা, শীত বস্ত্র ও কাপুড় বিতরণ, নারী সেকশন এবং করোনা ভাইরাস কালীন সহায়তা প্রদান। মোট বাজেট এর অর্থ এই সকল বিষয়ের উপর বিভাজন করে কর্ম পরিকল্পনাটি প্রস্তুত করা হয়। পরিকল্পনাটি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এক পর্যায়ে সকলের সর্বসম্মতিতে কর্মপরিকল্পনাটি অনুমোদন করা হয়।	
বিবিধ	জনাব মোছাঃ আলপনা খাতুন, কাউন্সিলর, ১, ২ ও ৩ নং ওয়ার্ড (সংরক্ষিত), মেহেরপুর পৌরসভা, সভায় বলেন, (GAP) বাস্তবায়নে ২০২০-২১ অর্থ বছরের এই কর্ম পরিকল্পনাটি খুবই ভালো ও বাস্তবসম্মত একটি কর্ম পরিকল্পনা হয়েছে। তিনি এটি সঠিক ভাবে বাস্তবায়নে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। মেয়র মহোদয় বলেন, পৌরসভা আর্থিক অস্বচ্ছলতার কারণে অনেক সময় যথাযথ কর্ম পরিকল্পনা বাস্তবায়ন করা সম্ভব হয়না। তবে আমাদের আন্তরিকতার কোন অভাব নেই। আমাদের মনে রাখতে হবে আগামীতে আমাদের আরোও নতুন প্রকল্পে অন্তভূক্ত হতে হবে বিধায় সঠিক ভাবে কর্ম পরিকল্পনাটি বাস্তবায়ন করা আমাদের জন্য জরুরী। তিনি আশা প্রকাশ করেন, এবার যেহেতু নতুন করে এ্যাসেসমেন্ট হয়েছে এবং পৌর করের আওতা বেড়েছে তাই এবার সঠিকভাবে কর্ম পরিকল্পনাটি বাস্তবায়ন করা হবে। তিনি এব্যাপারে সংশ্লিষ্ঠ সকলের সহযোগিতা কামনা করেন।	পৌর পরিষদ ।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(হামিদা)
মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড
ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প।

২. ...., সদস্য, নারী ও শিশু কমিটি।

মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২১/০৭/২০২০ ইং

সভার সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভা কক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	
২	জনাবা মোছাঃ আলপনা খাতুন	মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৩	জনাব মোছাঃ শিউলী খাতুন	মহিলা কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	শিউলী
৪	জনাব নুরুল আশরাফ রাজীব	কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৫	জনাব সৈয়দ মনজুরুল কবীর	কাউন্সিলর, ০৮ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৬	মোছাঃ হাসিনা খাতুন	টিএলসিসি সদস্য, মেহেরপুর পৌরসভা	হাসিনা
৭	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	Zahid 21/07/20
৮	মো: [illegible]	LeDA	
৯			
১০			